



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-রেজিঃ/১১(০৫) ১৫/০৬৮

তারিখ : ২৮ জুন, ২০২২

নিয়োগ বিজ্ঞপ্তি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এর সৈয়দ মুজতবা আলী হলের জন্য নিম্নোক্ত পদে লোক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র.নং	পদের নাম	সংখ্যা	বেতন স্কেল
০১	হল সুপারভাইজার	০১(এক)টি	১২৫০০-৩০২৩০/=
০২	মুয়াজ্জিন	০১(এক)টি	১২৫০০-৩০২৩০/=
০৩	এ্যাসিস্টেন্ট একাউন্টেন্ট	০১(এক)টি	১১০০০-২৬৫৯০/=
০৪	প্লান্সার	০১(এক)টি	৯০০০-২১৮০০/=
০৫	সহকারী ইলেকট্রিশিয়ান	০১(এক)টি	৯০০০-২১৮০০/=

যোগ্যতা ও অভিজ্ঞতা :

হল সুপারভাইজার :

- ক) প্রার্থীকে স্নাতক ডিগ্রি/সমমান পরীক্ষায় পাস ও কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং এ ইংরেজি ও বাংলা টাইপিংয়ে পারদর্শী হতে হবে।
খ) শিক্ষাজীবনে সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড থাকতে হবে।
গ) সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

বয়স : সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বৎসর।

মুয়াজ্জিন :

ক) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে ফাজিল অথবা কোন কওমী মাদ্রাসা হতে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। হাফেজ বা ক্বারী প্রার্থী অগ্রাধিকার যোগ্য।

খ) কোন মসজিদে ন্যূনতম ৫ বৎসর প্রধান খাদিম বা খাদিম হিসাবে কাজ করার অভিজ্ঞতা।

গ) বিশুদ্ধ কোরআন তেলাওয়াতে সক্ষমতা ও মাসয়ালা-মাসায়েলে পাণ্ডিত্য।

বয়স : সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বৎসর।

এ্যাসিস্টেন্ট একাউন্টেন্ট :

ক) প্রার্থীকে বাণিজ্যে স্নাতক ডিগ্রি ও কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং এ ইংরেজি এবং বাংলা টাইপিংয়ে পারদর্শী হতে হবে।

খ) শিক্ষাজীবনে সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড থাকতে হবে।

গ) হিসাব সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।

বয়স : সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বৎসর।

প্লান্সার :

ক) প্রার্থীকে এসএসসি/সমমান পাশসহ সংশ্লিষ্ট কাজে ট্রেড কোর্স ৬(ছয়) মাস মেয়াদী থাকতে হবে।

খ) শিক্ষাজীবনে সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড থাকতে হবে।

গ) সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

বয়স : সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বৎসর।

সহকারী ইলেকট্রিশিয়ান :

প্রার্থীকে এসএসসি/সমমান পাশ+ট্রেড সার্টিফিকেট অথবা ৮ম শ্রেণী পাশ ট্রেড সার্টিফিকেটসহ


বিশ্ববিদ্যালয়/সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে ৩ বছরের অভিজ্ঞতা।

বয়স : সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বৎসর।

আবেদনপত্র জমাদান :

রেজিস্ট্রারের অনুকূলে সিলেট শহরের যে কোন তফশিলী ব্যাংকের শাখার উপর ০১নং, ০২নং এবং ০৩নং পদের জন্য ২০০/= (দুইশত) টাকা এবং ০৪ ও ০৫নং পদের জন্য ১৫০(একশত পঞ্চাশ) টাকার এমআইসিআর ব্যাংক ড্রাফট অথবা সমমূল্যের পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়), পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি সত্যায়িত ছবি, সকল সনদপত্র/প্রশংসাপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। ৮ সেট দরখাস্ত আগামী ১৯ জুলাই, ২০২২ তারিখের মধ্যে রেজিস্ট্রার অফিসে পৌছাতে হবে। আবেদন ফরম অফিস চলাকালীন রেজিস্ট্রার দপ্তর থেকে সরাসরি অথবা ১০ (দশ) টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকেটসহ নিজ ঠিকানা সম্বলিত খাম পাঠিয়ে সংগ্রহ করা যাবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.sust.edu) থেকেও আবেদন ফরম ডাউনলোড করা যাবে। কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অসম্পূর্ণ আবেদন বিবেচনা করা হবে না। খামের উপর অবশ্যই স্পষ্ট অক্ষরে সংশ্লিষ্ট পদের নাম উল্লেখ করতে হবে। ডাক যোগাযোগজনিত বিলম্বের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না। আবেদনপত্র জমাদানের শেষ তারিখের পর কোন আবেদন গ্রহণ/বিবেচনা করা হবে না।

আভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি বিধান প্রযোজ্য হবে।


(মুহাম্মদ ইশাফাকুল হোসেন)
রেজিস্ট্রার